দৈনিক ইত্তেফাক

তারিখ 10 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৬

## বেগম রোকেয়া দিবসে বক্তাদের অভিমতঃ

# এখনও মেয়েরা প্রকৃত শিক্ষা পাচ্ছে না

ইত্তেফাক রিপোর্ট ॥ বেগম রোকেয়া দিবস পালন উপলক্ষে গতকাল সোমবার বাংলা একাডেমীতে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় 'বেগম রোকেয়ার সাহিত্য চিন্তায় মানবতাবাদ ও অসাম্প্রদায়িকতা' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক সেলিনা বাহার জামান। আলোচনায় অংশ নেন বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক মনসুর মুসা, ডঃ সুলতানা জামান ও ডঃ সায়েদা বানু। সভাপতিত্ব করেন ডঃ নাজমা চৌধুরী।



*বেগম রোকেয়া দিবস উপলক্ষে নারীর ক্ষমতায়নে নাগরিক আন্দোলন গতকাল সোমবার মানিক মিয়া এভিন্যুতে এক মানববন্ধন কর্মসূচী পালন করে -ইত্তেফাক*

মূল প্রবন্ধে বলা হয়, রোকেয়া আমাদের যে মানবতাবাদ ও অসাম্প্রদায়িকতার শিক্ষা দিয়েছিলেন তা থেকে আমরা বিচ্যুত হতে পারিনা। এখনো আমাদের মেয়েরা প্রকৃত শিক্ষা পাচ্ছে না। আমরা পিছিয়ে যাচ্ছি। সভাপতির ভাষণে অধ্যাপক নাজমা চৌধুরী বলেন, বেগম রোকেয়ার জীবন থেকে আমাদের শিক্ষণীয় অনেক কিছু রয়েছে। সমাজ সংস্কারক হিসেবে রোকেয়া তিনটি বিষয় যথাক্রমে সাহিত্য রচনা, নারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও সংগঠন প্রতিষ্ঠার প্রতি গুরুত্ব দিয়েছিলেন। নারী শিক্ষার বিস্তারে তার প্রয়াস রক্ষণশীল সমাজ কর্তৃক প্রত্যাখ্যাত হলেও মুসলিম, ব্রাহ্ম ও হিন্দু সম্প্রদায়ের কাছে সাড়া পেয়েছিল। (৫ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বেগম রোকেয়া দিবস

(৩য় পৃঃ পর)

বেগম রোকেয়া দিবস পালন উপলক্ষে বিশ্ব বাঙালী সম্মেলনের উদ্যোগে গতকাল 'কুসংস্কারমুক্ত আধুনিক সমাজ গঠন ও নারী শিক্ষা উন্নয়নে বেগম রোকেয়ার অবদান' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মূল প্রবন্ধ পাঠ করেন সরদার রুহুল আমিন। প্রধান বক্তা ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ আশরাফ সিদ্দিকী।

### পায়রাবন্দে ৩ দিনব্যাপী অনুষ্ঠান শুরু

রংপুর (দক্ষিণ) সংবাদদাতা ॥ বেগম রোকেয়া দিবস উপলক্ষে গতকাল থেকে পায়রাবন্দে তিন দিনব্যাপী অনুষ্ঠান শুরু হয়েছে। সকাল সাড়ে ৯টায় পায়রাবন্দে বেগম রোকেয়ার পৈতৃক ভিটায় স্থাপিত স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। দুপুরে মিলাদ মাহফিল, বিকালে আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা প্রশাসক মনিরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আলমগীর কবির, বিশেষ অতিথি ছিলেন কৃষি প্রতিমন্ত্রী মীর্জা ফকরুল ইসলাম ও যোগাযোগ উপমন্ত্রী আসাদুল হাবিব দুলু। আজ মঙ্গলবার দ্বিতীয় দিনে রয়েছে রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। আগামীকাল শেষ দিন রয়েছে আবৃত্তি প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। রোকেয়া